# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 DECEMBER 2025** **7:45—7:55**

---

১) কাছাড় জেলা সহ রাজ্যের ১৪টি জেলার আয়ুক্ত বদলি । শিবসাগর জেলার বর্তমান আয়ুক্ত আয়ুষ গার্গকে কাছাড় জেলার নতুন আয়ুক্ত হিসেবে দায়িত্ব অর্পন ।

২) পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ধার্য ।

৩) সমগ্র দেশের সঙ্গে আসাম তথা বরাক উপত্যকায়ও প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপায়ীর জন্মবার্ষিকী সু-শাসন দিবস হিসেবে পালিত ।

এবং

৪) বিশ্বের অন্যান্য প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ পবিত্র বরদিন উদযাপন ।

---

কাছাড় জেলা সহ রাজ্যের ১৪টি জেলার আয়ুক্তকে বদলি করা হয়েছে । শিবসাগর জেলার বর্তমান আয়ুক্ত আয়ুষ গার্গকে কাছাড় জেলার নতুন আয়ুক্ত হিসেবে দায়িত্ব অর্পন করা হয়েছে এবং কাছাড়ের আয়ুক্ত মৃদুল যাদবকে শিবসাগর জেলার আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । অনুরূপভাবে , কামরূপ মহানগর জেলার আয়ুক্ত সুমিত চট্টাওয়ানকে তিনসুকিয়া জেলায় , অরণ্যক শইকীয়াকে কার্বি আংলং জেলার , ধুবরীর জেলা আয়ুক্ত দিবাকর নাথকে বঙ্গাইগাওয়ে এবং বঙ্গাইগাওয়ের আয়ুক্ত নবদ্বীপ পাঠককে ধুবরীর জেলা আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । এদিকে , দরং-এর জেলা আয়ুক্ত পরাগ কুমার কাকতিকে গোলাঘাট জেলার আয়ুক্ত হিসেবে দায়িত্বভার অর্পন

করা হয়েছে । তামুলপুরের জেলা আয়ুক্ত পঙ্কজ চক্রবর্তীকে কোকরাঝারের দায়িত্ব দেওয়া হয়েছে । কোকরাঝারের আয়ুক্ত মাচান্দা মাগদালিন পার্টিনকে রাজ্যের অর্থ বিভাগের যুগ্ম আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । একইভাবে , পরিবেশ ও বন বিভাগের যুগ্ম আয়ুক্ত সিমি করণকে তামুলপুরের আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ধার্য করা হয়েছে । জনসাধারণের কর প্রদান করার ক্ষেত্রে পানকার্ড এবং আধারকার্ডের সংযোগ বাধ্যতামূলক করা হয়েছে । ২০২৪ সালের পয়লা অক্টোবর আধারকার্ড এবং পানকার্ড সংযোগ করার জন্য একটি নির্দেশ জারী করা হয়েছিল এবং পরবর্তী সময়ে ওই সময়সীমা ২০২৫ সালের তেসরা এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল । আগামী ৩১ ডিসেম্বরের আগে যারা পানকার্ড এবং আধারকার্ড সংযোগ করবেন না তাদের ১ হাজার টাকা জরিমানা দিতে হবে অথবা পানকার্ড নিষ্ক্রিয় করে দেওয়া হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে । এই সময়সীমার মধ্যে পানকার্ড এবং আধারকার্ড যুক্ত করা না হলে ২০২৬ সালের টি ডি এস এবং টি সি এস-এর অর্থ ফেরৎ দেওয়া হবে বলেও স্পষ্টিকরণ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

সাংসদ খেল মহোৎসবের মাধ্যমে দেশে হাজার হাজার প্রতিভাবান খেলোয়ার সৃষ্টি হয়েছে বলে প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদী জানিয়েছেন । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সাংসদ খেল মহোৎসবে ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে মহোৎসবের পরিসর ও প্রভাব অনেকটাই বৃদ্ধি পেয়েছে । তিনি বলেন যে এই মহোৎসব যুব প্র প্রজন্মের বিকাশের মাধ্যমে রাষ্ট্র গঠনে শক্তিশালী স্তম্ভে পরিণত হয়েছে । প্রধানমন্ত্রী বলেন জয় পরাজয়ের উর্দ্ধে উঠে এথলিটরা খেলোয়ারসুলভ মনোভাব নিয়ে যুব প্রজন্মের বিকাশে প্রেরণা জুগিয়ে আসছে ।প্রধানমন্ত্রী বলেন যে ২০৩০ সালে ভারত আহমেদাবাদে কমনওয়েলথ ক্রীড়া মহোৎসবের আয়োজন করবে ।এই মহোৎসবের জন্য সমগ্র বিশ্ব অধির আগ্রহে অপেক্ষা করে রয়েছে ।প্রধানমন্ত্রী বলেন যে ভারত ২০৩৬ সাল পর্যন্ত অলিম্পিক আয়োজনের জন্য চেষ্টা অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের ৬টি রাজ্যের জাতীয় সড়ক নির্মানের জন্য অতিরিক্ত ৬শো ৬০ কোটি টাকার মঞ্জুরী দিয়েছে । ২০২৫-২৬ অর্থ বছরে এই রাজ্যগুলির পূর্ত ও সড়ক নির্মান বিভাগ বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত করার জন্য এই অর্থ ব্যায় করবে । ফলে , এই কার্যসূচির জন্য মঞ্জুর করা মোট অর্থের পরিমান বৃদ্ধি পেয়ে

৯শো ৮০ কোটি টাকা হয়েছে । এর আগে আসাম সহ অরুণাচল প্রদেশ , মনিপুর , মেঘালয় , সিকিম ও ত্রিপুরার জন্য ৩শো ২০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল । এবার আসামের জন্য ৩শো ৫০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে ।

---

সমগ্র দেশে প্রাক্তন প্রধানমন্ত্রী ভারত রত্ন অটল বিহারী বাজপেয়ীর আজ ১০১ তম জন্ম জয়ন্তী সুশাসন দিবস হিসেবে পালন করা হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অটল বিহারী বাজপেয়ীর জন্ম বার্ষিকী উপলক্ষ্যে দিল্লীতে থাকা সমাধি # সদৈব অটলে # পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান । দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও প্রাক্তন প্রধানমন্ত্রীর জন্মজয়ন্তী সুশাসন দিবস হিসেবে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গৌহাটীর রাজ্য বি জে পির মূখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে শ্রদ্ধা নিবেদন করেন । সেইসঙ্গে মূখ্যমন্ত্রী প্রাক্তন প্রধানমন্ত্রীর জীবন ও কর্মের ওপর আধারিত একটি আলোকচিত্র প্রদর্শনীতেও অংশ নেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও সুশাসন দিবস নানা কার্যসূচীর মাধ্যমে পালিত হয়েছে ।

কাছাড় জেলা বিজেপি ও অটল বিহারী বাজপেয়ী স্মৃতি সমিতি রংপুরের জিরো পয়েন্টে প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতিচারণ অনুষ্ঠানের আয়োজন করে । রাজ্যের মন্ত্রী কৌশিক রাই সহ কাছাড় জেলা বি জে পির নেতা ও কর্মীরা সেখানে উপস্থিত থেকে প্রাক্তন প্রধানমন্ত্রীকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।  মন্ত্রী শ্রী রাই বলেন যে দেশের উন্নয়নে নেতৃত্ব ,দৃষ্টিভঙ্গী ও অবদানের জন্য অটল বিহারী বাজপেয়ী সকলের কাছে প্রেরণার উৎস হয়ে থাকবেন ।                                    ২৫-১২-২৫/৭:৪৫মি:

---

বিজেপির বড়জালেঙ্গা মন্ডল আজ যথাযোগ্য মর্যাদায় সুশাসন
দিবস পালন করেছে ।

সুশাসন দিবস উপলক্ষ্যে শ্রীভূমি জেলা বিজেপির মূখ্য কার্যালয়ে উপ-সভাপতি রতি রঞ্জন দাসের পৌরহিত্যে বাজপেয়ীর জীবন ও কর্মের ওপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় । সভায় বক্তব্য রাখেন প্রাক্তন রাজ্যসভা সাংসদ মিশন রঞ্জন দাস ,শ্রীভূমি পৌরসভার পুরপতি রবিন্দ্র চন্দ্র দেব , আসাম প্রদেশ বিজেপির কার্যবাহী সদস্য শিবব্রত সাহা প্রমূখ ।

অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে হাইলাকান্দি জেলায় বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় । এ উপলক্ষ্যে বিজেপির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে এক

বিশেষ শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে বিশিষ্ট বক্তারা দেশের উন্নয়ন ,জাতীয় ঐক্য ও সুশাসনের ক্ষেত্রে অটল বিহারী বাজপেয়ীর অবদানের কথা উল্লেখ করে তাঁকে একজন দূরদর্শী নেতা ,দক্ষ রাষ্ট্রনায়ক ও গণতন্ত্রের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ ব্যাক্তিত্ব হিসেবে স্মরণ করেন ।
আজ শহরের কলেজ রোডে অবস্থিত অটল বিহারী বাজপেয়ীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানানো হয় । অনুষ্ঠানে  জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী ,প্রাক্তন জেলা সভাপতি সুব্রত শর্মা মজুমদার সহ বিজেপির নেতা ও কর্মীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

যীশু খ্রীষ্টের  জন্মদিন উপলক্ষে সমগ্র বিশ্বে আজ আনন্দ উৎসাহে বরদিন পালন করা হচ্ছে । এ উপলক্ষে খ্রীষ্টান ধর্মালম্বীরা গতকাল মধ্যরাত থেকে সমবেতভাবে প্রার্থনায় অংশ গ্রহণ করছেন ।বিভিন্ন গীর্জাগুলি সহ খ্রীষ্টান ধর্মালম্বী লোকেদের বাসগৃহেরও আলোকসজ্জা ,খ্রীষ্টমাস ট্রি , রং বেরংগের ফুলের তোড়া ইত্যাদি দিয়ে সাজিয়ে তোলা হয়েছে ।

আসাম তথা  বরাক উপত্যকার তিন জেলায় ও বরদিন উৎসাহ উদ্দীপনায় পালন করা হচ্ছে । শিলচরে বরদিন উপলক্ষে শহরের চার্চ রোডের ওরিয়েন্টাল প্রেসবেটেরিয়ান চার্চ , অফিসপারার ব্যাপ্টিষ্ট চার্চ  ,সোনাই রোডের হলিক্রস চার্চে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া গীর্জাগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দিতে ও বরদিন উপলক্ষে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে ।জেলার বিভিন্ন গীর্জায় বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়  । এছাড়া সকাল থেকেই শিশুদের অংশ গ্রহণে ক্যারোল গান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বরদিনের তাৎপর্য তুলে ধরা হয় ।হাইলাকান্দি শহরের লক্ষ্মী শহর এলাকার প্রেসবেটেরিয়ান চার্চেও সারাদিনব্যাপী প্রার্থনা ও ধর্মীয় সভার আয়োজন করা হয় ।

শ্রী ভূমি জেলায় ও বরদিন উপলক্ষে চার্চগুলিতে  প্রার্থনা সভার আয়োজন করা হয় । জেলার বদরপুর , পাথারকান্দি , আসাম মিজোরাম ত্রিপুরা সীমান্তবর্তী বিভিন্ন খ্রীষ্টান অধ্যুষিত গ্রামে আনন্দ উৎসাহে বরদিন পালিত হচ্ছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি , উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বরদিন উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন ।  এক বার্তায় শ্রীমতী মূর্মূ বলেছেন যে এই উৎসব যীশুখ্রীষ্টের মানব জাতির কল্যাণের জন্য ত্যাগের কথা স্মরণ করিয়ে দেয় ।তিনি বলেন যে এই উৎসবের

মাধ্যমে জনসাধারণের মধ্যে   শান্তি সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ় হয় ।রাষ্ট্রপতি যীশু খ্রীষ্টের দেখানো পথ অনুসরণ করে দয়া , করুনা ও পারস্পরিক সম্প্রীতির বন্ধন থাকা একটি সমাজ গড়ার জন্য কাজ করে যাওয়ার সংকল্প নিতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ বরদিন উপলক্ষে এক বার্তায় বলেছেন যে এই উৎসব  সামাজিক বন্ধন আরো সুদৃঢ় করে সমাজে স্থায়ী শান্তি প্রসারে সহায়তা করে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বরদিন উপলক্ষে নতুনদিল্লীতে কেথেড্রেল চার্চে বিশেষ প্রার্থনা সভায় আংশ গ্রহণ করেন ।শ্রী মোদী এক বার্তায় বলেন বলেন যে বরদিন সমাজে দয়া , করুণার মনোভাব জাগিয়ে তোলে ।

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য পবিত্র বরদিন উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় তিনি বলেন এই উৎসব দয়া , করুণা ও নিস্বার্থ সেবার বিষয়ে স্মরণ করিয়ে দেয় ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বরদিন উপলক্ষে সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন এই উৎসব সমাজ থেকে অশুভশক্তি নাশ করে শান্তি সম্প্রীতি ও ভাতৃত্বের বন্ধন আরো সুদৃঢ় করে তোলে ।

---------------------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচরের লোকসঙ্গীত শিল্পী রঞ্জিত পুরকায়স্থ গতকাল শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিলো ৯২ । উল্লেখ্য আকাশবাণীর সূচনা লগ্ন থেকেই তিনি সঙ্গীত শিল্পী হিসেবে যুক্ত ছিলেন । প্রয়াত পুরকায়স্থ আকাশবাণীর বি-হাই গ্রেডের শিল্পী ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

অলিম্পিকে দেশের হয়ে দু-বার পদক অর্জন করা ভারতীয় পুরুষ হকি দলের উপ-অধিনায়ক হার্দিক সিংকে চলতি বছরের সম্মানিত মেজর ধ্যানচান্দ খেলরত্ন পুরষ্কারের জন্য মনোনীত করা হয়েছে । কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রনালয় প্রতি বছর ক্রীড়া ক্ষেত্রে এই সর্বোচ্চ সম্মান প্রদান করে আসছে । ভারতীয় অলিম্পিক সংস্থার উপাধ্যক্ষ গগন নারাং , প্রাক্তন হকি খেলোয়াড় এম এম সোমায়া এবং প্রাক্তন বেডমিন্টন খেলোয়াড় অপর্ণা পোপাটকে নিয়ে গঠিত ৩ সদস্য বিশিষ্ট বাছাই সমিতি চলতি বছরের এই পুরষ্কারের কথা ঘোষণা করেছে ।

সমিতি ২৪ জন খেলোয়াড়ের নাম অর্জুন পুরষ্কারের জন্য প্রস্তাব করেছে । এদের মধ্যে বেডমিন্টন খেলোয়াড় তৃষ্ণা জালী এবং গায়েত্রী গোপীচান্দ , রাইফেল

শুটার মেহলী ঘোষ , জিমনাষ্ট প্রণতি নায়ক এবং যোগাসনের ক্রীড়াবিদ আরতী পালের নাম রয়েছে ।

---------------------------------------------------------------------------------